

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বেতার-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd



নম্বর : ১৫.০০.০০০০.০০০.০২১.১৮.২৬৪.১২-৩৯২

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩৩
৩০ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

জনাব উম্মে ফারহানা হোসেন শিমু, সহকারী পরিচালক (অনুষ্ঠান), বহির্বিষয় সার্ভিস দপ্তর, বাংলাদেশ বেতার-কে স্কলারশিপের আওতায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে ০১.১০.২০২৬ তারিখ হতে ৩১.০৩.২০২৮ তারিখ পর্যন্ত অথবা কোর্সের শুরু থেকে শেষ পর্যন্ত ১৮ (আঠারো) মাস মেয়াদী Master in Public Policy and Governance (MPPG) কোর্সে অধ্যয়নের জন্য নিম্নোক্ত শর্তে অর্ধ-গড় বেতনে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হলো।

শর্তাবলীঃ

১. এ অধ্যয়ন ছুটিতে থাকাকালীন তিনি কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবেন;
২. এ কোর্সে অধ্যয়নের জন্য বাংলাদেশ সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
৩. উচ্চশিক্ষা সফলভাবে সম্পন্ন না করার কারণ গঠিত কমিটির নিকট গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হলে প্রশিক্ষণ/উচ্চশিক্ষাকালে বেতনভাতা হিসেবে গৃহীত টাকার এক-পঞ্চমাংশ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
৪. উচ্চশিক্ষা সফলভাবে সম্পন্ন না করার কারণ গঠিত কমিটির নিকট গ্রহণযোগ্য বিবেচিত না হলে উচ্চশিক্ষাকালে বেতন-ভাতা হিসেবে গৃহীত সমুদয় অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
৫. উচ্চশিক্ষা কোনো পর্যায়ে জনপ্রশাসন মন্ত্রণালয় অনুমোদিত/আয়োজক (host) প্রতিষ্ঠান অনুসৃত অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত Academic Integrity ও Ethics এর পরিপন্থী কোনো কর্মকাণ্ডে জড়িত থাকার বিষয়ে অভিযোগ পাওয়া গেলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;
৬. অধ্যয়ন ছুটি শেষে তিনি বর্তমান কর্মস্থলে যোগদানপূর্বক ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।


(মোঃ আওলাদ হোসেন)
উপসচিব
ফোন: ২২৩৩৫৭৪২২
Email: betar1@moi.gov.bd

নম্বর : ১৫.০০.০০০০.০০০.০২১.১৮.২৬৪.১২-৩৯২(৫)

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩৩
৩০ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. জনাব উম্মে ফারহানা হোসেন শিমু, সহকারী পরিচালক (অনুষ্ঠান), বহির্বিষয় সার্ভিস দপ্তর, বাংলাদেশ বেতার।


(মোঃ আওলাদ হোসেন)
উপসচিব